গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
খোকসা, কুষ্টিয়া।
http://doict.khoksa.kushtia.gov.bd/

## উপজেলা আইসিটি কমিটির মে/২০২৫ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ জনাব প্রদীপ্ত বায় দীপন
উপজেলা নির্বাহী অফিসার, খোকসা, কুষ্টিয়া।
সভার স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ
সভার তারিখঃ ২৮/০৫/২০২৫ খ্রি.
সময়ঃ ১১.০০ মি.

❖ উপস্থিত সদস্যবৃন্দের তালিকা- পরিশিষ্ট "ক" তে প্রদর্শিত

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী ও আইসিটি কমিটি -এর কার্য পরিধি সম্পর্কে বিস্তারিত তথ্য উপস্থাপন করার জন্য উপজেলা আইসিটি অফিসার, খোকসা, কুষ্টিয়া'কে অনুরোধ করেন।

বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা তথ্য বাতায়ন হালনাগাদকরণঃ** সাধারণ জনগণ, তথ্য সেবা গ্রহীতাদের নিকট অবাধ তথ্য সরবরাহের গুরুত্বপূর্ণ মাধ্যম হিসাবে গড়ে তোলার লক্ষ্যে উপজেলা পরিষদ, সরকারি দপ্তর/বিভাগ এবং ইউনিয়নসমূহে সরকারি উদ্যোগে ওয়েব পোর্টাল চালু করা হয়েছে। ফলে সঠিক তথ্য পেতে ওয়েব পোর্টালসমূহ নিয়মিত হালনাগাদকরণ জনগুরুত্বপূর্ণ। | উপজেলা তথ্য বাতায়ন হালনাগাদকরণ বিষয়ে আলোচনা করা হয়। উপজেলা উপজেলা আইসিটি অফিসার জনাব বুলবুলী খাতুন জানান অনেক দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট নাই। এক্ষেত্রে সকল সরকারি দপ্তর/বিভাগ ও ইউনিয়ন ওয়েব পোর্টালে জরুরি খবর, বিভিন্ন নোটিশ, সভার কার্যবিবরণী, দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, সিটিজেন চার্টার, একনজরে, যোগাযোগ, কি সেবা কিভাবে দেওয়া হয়, সকল ধরণের সেবা/চলমান প্রকল্পের বিস্তারিত তথ্য ওয়েব পোর্টালে নিয়মিত সংযোজন, হালনাগাদকরণ রাখতে হবে বলে নির্দেশনা রয়েছে বলে তিনি জানান। সকল সরকারী দপ্তরের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করার জন্য সভাপতি অনুরোধ করেন। সভায় সভাপতি মহোদয় উদ্যোক্তাদের | ১। উপেজলার সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ।<br>২। উপজেলা আইসিটি অফিসার<br>৩। ইউপি চেয়ারম্যান, সচিব ও ইউডিসি উদ্যোক্তাগণ |

| | | | |
|---|---|---|---|
| | | ইউনিয়নের ওয়েবপোর্টাল নিয়মিত হালনাগাদকরণের জন্য অনুরোধ করেন। এ ক্ষেত্রে উপজেলা উপজেলা আইসিটি অফিসার প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। | |
| ০২ | **শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েব সাইট হালনাগাদকরণঃ** শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইট থেকে খুব সহজে উক্ত প্রতিষ্টান সম্পর্কে বিস্তারিত তথ্য, শিক্ষক ও শিক্ষার্থীদের তথ্য, ফলাফল, পরীক্ষা ও ভর্তি ইত্যাদি তথ্য পাওয়া যায়। | খোকসা উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে তাদের নিজস্ব ওয়েবসাইট রয়েছে। ওয়েবসাইটগুলোতে স্ব স্ব প্রতিষ্ঠানের বিস্তারিত তথ্য, শিক্ষক-শিক্ষিকাগণের তথ্য, শিক্ষার্থীদের তথ্য, নোটিশ, সিটিজেন চার্টার এবং অন্যান্য তথ্য নিয়মিত হালনাগাদ করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানে তাদের নিজস্ব ওয়েবসাইট হালনাগাদের ক্ষেত্রে উপজেলা সহকারী মাধ্যমিক শিক্ষা অফিসার প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস |
| ০৫ | **ইউডিসি উদ্যোক্তাদের কার্যক্রম সম্পর্কে অবহিত করণঃ** ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে খুব সহজেই নাগরিকরা বিভিন্ন সেবা পেয়ে থাকেন। এছাড়াও প্রতিটি ইউনিয়ন ডিজিটাল সেন্টারে উদ্যোক্তাদের তাদের আয়-ব্যয়ের সঠিক হিসাব একসেবায় আপলোড করার জন্য বলা হয়। | প্রতিমাসে ইউডিসি উদ্যোক্তাগণ তাদের কার্যক্রম এবং আয়-ব্যয়ের বিবরণ সভায় উপস্থাপন করবেন মর্মে আলোচনা করা হয়। এ উদ্দেশ্যে গত মিটিং এ খোকসা ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা জনাব ইসমাইল হোসেন এবং শিমুলিয়া ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা জনাব মিঠুন বিশ্বাস তাদের কর্মকান্ড তুলে ধরেন। এ সময় তারা তাদের টার্গেট জন্ম নিবন্ধন নিয়মিত করে যাচ্ছেন বলে জানান। উদ্যোক্তাদের টিকা কার্ড অথবা মেডিকেল ডেলিভারি ছাড়পত্র দেখে জন্ম নিবন্ধন করার জন্য নির্দেশনা দেওয়া হয়। | সকল ইউডিসি উদ্যোক্তা |
| ০৬ | **তথ্য প্রযুক্তি ল্যাবের কার্যক্রম সম্পর্কে অবহিতকরণঃ** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কতৃক বাস্তবায়নাধীন “ সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন” শীর্ষক প্রকল্পের আওতায় খোকসা উপজেলায় ০৯ টি শিক্ষা প্রতিষ্ঠানে তথ্য প্রযুক্তি ল্যাব স্থাপন করা | সভায় তথ্য প্রযুক্তি ল্যাব সম্পর্কে অলোচনা করা হয়। খোকসা উপজেলায় প্রথম পর্যায়ে ০৩ (তিনটি) এবং ২য় পর্যায়ে ০৬ (ছয়)টি তথ্য প্রযুক্তি ল্যাব স্থাপন করা হয়েছে। এছাড়া ৩য় পর্যায়ে নতুন ল্যাবের জন্য ০৬(ছয়)টি শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য যাচাই-বাছাই করে পাঠান হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব পরিচালনার নীতিমালা-২০১২ মোতাবেক | ১। উপজেলা আইসিটি অফিসার<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>৩। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ |

| | | | |
|---|---|---|---|
| | হয়েছে। | কম্পিউটার ল্যাবসমূহ যথারীতি চালু রাখা, এর সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা, শিক্ষার্থীদেরকে প্রোগ্রামিং শেখার ব্যবস্থা করার জন্য প্রধান শিক্ষকগণদের অনুরোধ করা হয়। উপজেলা আইসিটি অফিসার তথ্য প্রযুক্তি ল্যাব পরিদর্শন করে আইসিটি অধিদপ্তরে প্রেরণ করে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, খোকসা বরাবর অনুলিপি প্রদান করবেন। প্রতিটি তথ্য প্রযুক্তি ল্যাবে ডিজিটাল সমাবেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধসহ উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮.৫.২০২২

(প্রদীপ্ত রায় দীপন)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
খোকসা, কুষ্টিয়া
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
মোবাইলঃ ০১৭৩০৪৭৩৬২৯
মেইলঃ unokhoksa@mopa.gov.bd

CS CamScanner

স্মারক নং- ৫৬.০৪.৫০৬৩.০০০.০০০.০৬.০০০১.০৬.২৫.৫৮(০৯)

১৪ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ মে ২০২৫ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
২। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া।
৩। জেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, কুষ্টিয়া।
৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক ............................................................খোকসা, কুষ্টিয়া।
৫। উপজেলা ..........................................................................., খোকসা,কুষ্টিয়া।
৬। অফিস কপি।

Farouk
28.05.2025

(মোঃ ফারুক হোসেন)
উপজেলা আইসিটি অফিসার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
খোকসা, কুষ্টিয়া
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি
মোবাইলঃ ০১৭৩৪৯৫৪২৫৬
ই-মেইলঃ doictkhoksha@gmail.com

CamScanner